



ঐকমত্য কমিশনের বিরুদ্ধে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের অভিযোগ সাইফুল হকের



সংগৃহীত ছবি

বিপ্লবী ওয়াকার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক অভিযোগ করেছেন, ঐকমত্য কমিশন জনগণের সঙ্গে প্রতারণা ও বিশ্বাসভঙ্গ করেছে। জুলাই সনদে নতুন প্রস্তাব সংযুক্ত করার পর ৪৮ ঘণ্টা পেরিয়ে গেলেও কমিশন এখনো কোনো আনুষ্ঠানিক ব্যাখ্যা দেয়নি—যা তাদের স্বচ্ছতা ও উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলেছে।

গুৱাবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় সাইফুল হক বলেন, “নির্বাহী আদেশ বাতিল করে সংবিধান সংশোধনের উদ্যোগ নেওয়া সংবিধানবিরোধী। অন্তর্বর্তী সরকারের এমন কোনো ক্ষমতা নেই যে তারা বিদ্যমান সংবিধান পরিবর্তন করবে। কমিশন তাদের প্রস্তাবনায় বিভ্রান্তি ও উসকানি সৃষ্টি করেছে।”

তিনি আরও বলেন, “বাংলাদেশ এখন এমন এক পরিস্থিতিতে রয়েছে, যেখানে একসঙ্গে দুটি নির্বাচন আয়োজনের ঝুঁকি নেওয়া সম্ভব নয়। শেখ হাসিনার আমলের মতো কোনো সিদ্ধান্ত জনগণের ওপর চাপিয়ে দেওয়া উচিত হবে না।”

জুলাই সনদে স্বাক্ষরকারী দলগুলোর প্রতি সমর্থন জানিয়ে তিনি বলেন, “এই দলগুলো কোনো ভুল করেনি। বরং তারা জাতীয় ঐক্য ও নতুন রাজনৈতিক সংস্কৃতির পথে এগিয়ে যাওয়ার চেষ্টা করেছে। এখন দরকার পারস্পরিক সংলাপের মাধ্যমে সংকটের সমাধান।”